প্রথম আলো

তারিখ = 5 AUG 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অনিয়ম

# বিচার বিভাগীয় তদন্ত চায় সাদা দল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত সাড়ে ৮ বছরে শিক্ষক নিয়োগে অনিয়মের ঘটনায় বিচার বিভাগীয় তদন্ত করার দাবি জানিয়েছে বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকদের সংগঠন সাদা দল।

গতকাল শুক্রবার সাদা দলের অধ্যাপক মো. আখতার হোসেন খান স্বাক্ষরিত এক বিবৃতিতে এই দাবি জানানো হয়। বিবৃতিতে সাদা দলের ২০০ শিক্ষক স্বাক্ষর করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অনিয়মের ঘটনায় বিএনপি-জামায়াতপন্থী এই শিক্ষকেরা উদ্বেগ ও হতাশা প্রকাশ করেছেন।

বিবৃতিতে বলা হয়, সাদা দল থেকে বিভিন্ন সময় শিক্ষক নিয়োগসহ প্রশাসনের বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে লিখিত ও মৌখিক প্রতিবাদ করা হচ্ছে। কিন্তু প্রশাসন বরাবরই এই প্রতিবাদকে উপেক্ষা করেছে। এর ফলে পরিস্থিতি এমনই হয়েছে যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দীর্ঘদিনের ঐতিহ্য-সুনাম আজ প্রশ্নবিদ্ধ হয়ে পড়েছে। বিবৃতিতে শিক্ষকেরা বলেন, কয়েক বছরে শিক্ষক নিয়োগে মেধা ও যোগ্যতাকে পাশ কাটিয়ে দলীয় অনুগত ব্যক্তিদের শিক্ষক নিয়োগ দেওয়ার ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় এক দীর্ঘস্থায়ী সংকটে পড়বে। যোগ্য প্রার্থীদের বাদ দিয়ে ন্যূনতম যোগ্যতা পূরণ না করা প্রার্থীদের নিয়োগ দেওয়া কেবল আইনবিরুদ্ধ নয়, নৈতিকতা পরিপন্থী এবং অমানবিকও বটে।